

শিক্ষার্থীদের উদ্দেশ্যে

নতুন শিক্ষাবর্ষের শুরুতে আমি প্রিয় ছাত্র/ছাত্রীদের শুভেচ্ছা জানাচ্ছি। তেজগাঁও আদর্শ স্কুল এন্ড কলেজ ঢাকা শহরের প্রাণকেন্দ্র তেজগাঁও শিল্প এলাকায় অবস্থিত একটি ঐতিহ্যবাহী খ্যাতনামা শিক্ষা প্রতিষ্ঠান যা ১৯৬৫ সালে প্রতিষ্ঠিত হয়ে সফলতার সাথে দীর্ঘ সময় পার করে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষ থেকে উচ্চ মাধ্যমিক শাখা চালু করে। শুরু থেকেই এই প্রতিষ্ঠান থেকে ছাত্র/ছাত্রীরা ক্রম সফলতা অর্জন করে আসছে। এই প্রতিষ্ঠানের গভর্নিং বডি, প্রশাসন, শিক্ষক/শিক্ষিকাগণ ও শিক্ষার্থীদের সমন্বিত উদ্যোগে গৌরব সমুন্নত রাখা সম্ভব হয়েছে। আমি আশা করি, আমার প্রতিটি শিক্ষার্থী কলেজের নিয়ম-শৃঙ্খলা ও বিধিবিধানের প্রতি সদা অনুগত থাকবে এবং তাদের মানস ও চরিত্র গঠনে উত্তরোত্তর উন্নতি সাধন করবে। আমার বিশ্বাস, এই কলেজের ছাত্র/ছাত্রীরা প্রত্যেকেই তাদের চিন্তা ও কর্মে, মেধা ও সৃজনশীলতার পরিচয় দিবে এবং দেশের কল্যাণ সাধন করতে সচেষ্ট থাকবে। আমি ছাত্র/ছাত্রীদের উজ্জ্বল ভবিষ্যৎ সুন্দর ও মঞ্জলময় জীবন কামনা করি। মহান আল্লাহ তাআলা আমাদের সকলের সহায় হোন।

ড. আবদুল মান্নান

অধ্যক্ষ

তেজগাঁও আদর্শ স্কুল এন্ড কলেজ